

প্রিয় সুধী,

০৪ জানুয়ারি ২০২৩

আগামী ১০ জানুয়ারি বাঙালী জাতির মুক্তি সংগ্রামের এক ঐতিহাসিক দিন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পেয়ে এদিন স্বদেশ প্রত্যাবর্তন করেছিলেন। জাতীয় জীবনের এই মহান দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক আগামী ১০ জানুয়ারি ২০২৩ তারিখ (মঙ্গলবার) সকাল ১১.০০ টায় কনস্যুলেট প্রাঙ্গণে নিম্নোক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে:

- কোরআন তেলাওয়াত ও গীতা পাঠ
- দিবসটি উপলক্ষে প্রদত্ত বানী পাঠ
- প্রামাণ্যচিত্র প্রদর্শন

উক্ত দিবসটি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে নতুন প্রজন্মকে যোগ দিতে উৎসাহিত করার অনুরোধসহ হংকং এবং ম্যাকাও-এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণের জন্য সাদরে আমন্ত্রণ জানানো হচ্ছে।



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
হংকং